

# Times Today BD

এম এস রহমান | দেশজুড়ে | 14 June, 2025

পাবনায় দেশীয় তৈরী ওয়ান শুটারগান ও ছয় রাউন্ড কার্তুজসহ সাক্বির হোসেন (২৫) নামের এক যুবককে আটক করেছে পুলিশ। শনিবার (১৩ জুন) দিবাগত রাত আড়াইটার দিকে পাবনা সদর উপজেলার মাসুম বাজার এলাকার তালিমুদ্দিন একাডেমি এলাকা থেকে তাকে আটক করা হয়। আটককৃত সাক্বির হোসেন সদর উপজেলার মাসুম বাজার এলাকার আব্দুল আজিজ হোসেনের ছেলে।

পাবনা সদর থানার উপ-পরিদর্শক (এসআই) সবুজ সাহা এ তথ্য নিশ্চিত করে জানান, অভিযুক্ত সাক্বির হোসেন দীর্ঘদিন ধরে অস্ত্রের ব্যবসা করতেন মর্মে পুলিশের কাছে তথ্য ছিলো। গতরাতে অস্ত্র বিক্রির খবর পেয়ে অভিযানে নামে পুলিশ। পরে শহরের পূর্ব শালগাড়াইয়া বাংলা ক্লিনিক এর পাশে (মাসুম বাজার সংলগ্ন) তালিমুদ্দিন একাডেমী এলাকা হতে তাকে আটক করা হয়। এ সময় তার কাছে দেশীয় তৈরী একটি ওয়ান শুটারগান, ১২ বোরের ছয় রাউন্ড কার্তুজ ও একটি নোকিয়া ফোন জব্দ করা হয়। পরে এ ঘটনায় অস্ত্র আইনে একটি মামলা করা হয়।

পাবনায় দেশীয় তৈরী ওয়ান শুটারগান ও ছয় রাউন্ড কার্তুজসহ সাক্বির হোসেন (২৫) নামের এক যুবককে আটক করেছে পুলিশ।

শনিবার (১৩ জুন) দিবাগত রাত আড়াইটার দিকে পাবনা সদর উপজেলার মাসুম বাজার এলাকার তালিমুদ্দিন একাডেমি এলাকা থেকে তাকে আটক করা হয়।

আটককৃত সাক্বির হোসেন সদর উপজেলার মাসুম বাজার এলাকার আব্দুল আজিজ হোসেনের ছেলে।

পাবনা সদর থানার উপ-পরিদর্শক (এসআই) সবুজ সাহা এ তথ্য নিশ্চিত করে জানান, অভিযুক্ত সাক্বির হোসেন দীর্ঘদিন ধরে অস্ত্রের ব্যবসা করতেন মর্মে পুলিশের কাছে তথ্য ছিলো। গতরাতে অস্ত্র বিক্রির খবর পেয়ে অভিযানে নামে পুলিশ। পরে শহরের পূর্ব শালগাড়াইয়া বাংলা ক্লিনিক এর পাশে (মাসুম বাজার সংলগ্ন) তালিমুদ্দিন একাডেমী এলাকা হতে তাকে আটক করা হয়।

এ সময় তার কাছে দেশীয় তৈরী একটি ওয়ান শুটারগান, ১২ বোরের ছয় রাউন্ড কার্তুজ ও একটি নোকিয়া ফোন জব্দ করা হয়। পরে এ ঘটনায় অস্ত্র আইনে একটি মামলা করা হয়।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:06

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/3402775807>